

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- কাশিঅ/টিএসসি/বাঃ স্কাঃ/১৭৭১/ ৩৬৮

তারিখ : ২৬/০২/২০১৭ খ্রিঃ


বিষয় : রোভার স্কাউট ইউনিট লিডার অ্যাডভান্সড কোর্স ও স্কিল কোর্সে অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র : বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল এর স্মারক নং-বাঃস্কাঃরোঃঅঃ(প্রশিক্ষণ)/৯০৪(৪)/২০১৭ তারিখ: ২০ ফেব্রুয়ারী, ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, বাংলাদেশ স্কাউটসের পরিচালনায় জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মোচাক, গাজীপুরে ২৩-২৮ ফেব্রুয়ারী, ২০১৭ পর্যন্ত রোভার স্কাউট ইউনিট লিডার অ্যাডভান্সড কোর্স এবং ০১-০৪ মার্চ, ২০১৭ পর্যন্ত রোভার স্কাউট ইউনিট লিডার স্কিল কোর্স অনুষ্ঠিত হবে। কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন ঝালকাঠী টেকনিক্যাল স্কুল ও কলেজের ইন্সট্রাক্টর (অটোমোবাইল) জনাব মোঃ হুমায়ুন কবীর এবং কিশোরগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজের ক্রাফট ইন্সট্রাক্টর জনাব মোঃ আব্দুল করিম-কে বর্ণিত কোর্সের প্রশিক্ষণার্থী হিসাবে মনোনয়ন প্রদান করা হয়েছে।

২। বর্ণিত শিক্ষকদেরকে প্রশিক্ষণার্থী হিসাবে ২৩-২৮ ফেব্রুয়ারী, ২০১৭ পর্যন্ত রোভার স্কাউট ইউনিট লিডার অ্যাডভান্সড কোর্স এবং ০১-০৪ মার্চ, ২০১৭ পর্যন্ত রোভার স্কাউট ইউনিট লিডার স্কিল কোর্সে অংশগ্রহণ করার নিমিত্ত অনুমতি প্রদান করা হলো।

৩। এ আদেশ জারীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


(মোঃ আহিদুল ইসলাম)
যুগ্ম সচিব

পরিচালক (প্রশাসন)
কটিন দায়িত্ব পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : পরিচালক (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য)
বাংলাদেশ স্কাউটস
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক
কাকরাইল, ঢাকা-১০০০।

স্মারক নং- কাশিঅ/টিএসসি/বাঃ স্কাঃ/১৭৭১/

তারিখ : /০২/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। অধ্যক্ষ, ঝালকাঠী/ কিশোরগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঝালকাঠী/ কিশোরগঞ্জ।
- ৪। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল, ৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। জনাব মোঃ হুমায়ুন কবীর/ মোঃ আব্দুল করিম, ইন্সট্রাক্টর (অটোমোবাইল)/ ক্রাফট ইন্সট্রাক্টর, ঝালকাঠী/ কিশোরগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ।
- ৮। সংরক্ষণ নথি।

(মোঃ জহুরুল ইসলাম)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।